ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২০৬১

সোনামুড়া, ১ আগস্ট, ২০২৫

**মোহনভোগ ব্লকের বিভিন্ন স্থানে কমিউনিটি টয়লেট নির্মাণের কাজ চলছে**

পঞ্চদশ অর্থকমিশনের অর্থে মোহনভোগ বিএসি'র উদ্যোগে মোহনভোগ ব্লকের বিভিন্ন স্থানে কমিউনিটি টয়লেট নির্মাণের কাজ চলছে। এরমধ্যে উত্তর তৈবান্দাল এডিসি ভিলেজ কার্যালয়ে ১ লক্ষ ৯২ হাজার টাকা ব্যয়ে নির্মিত হচ্ছে কমিউনিটি টয়লেট। দশরথবাড়ি এডিসি ভিলেজের ঈশানচন্দ্র পাড়া এসবি স্কুলে কমিউনিটি টয়লেট নির্মিত হচ্ছে। এতে ব্যয় হবে ১ লক্ষ ৯২ হাজার টাকা। আনন্দপুর এডিসি ভিলেজের ইংরেজী মাধ্যম বিদ্যালয়ে ১ লক্ষ ৮০ হাজার টাকা ব্যয়ে নির্মিত হচ্ছে কমিউনিটি টয়লেট। এলএসডিজি'র স্বচ্ছ এবং সবুজ পঞ্চায়েত থিম বাস্তবায়নে এই সমস্ত নির্মাণ কাজগুলির পরিকল্পনা নেওয়া হয়েছে। এছাড়াও মোহনভোগ বিএসি'র উদ্যোগে চান্দুল খামারবাড়ি হাইস্কুলে এবং উত্তর তৈবান্দাল উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে ওয়াটার কুলার সিস্টেম স্থাপন করা হবে। এতে মোট ব্যয় হবে ১ লক্ষ ৫০ হাজার টাকা। মোহনভোগ ব্লক কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****